যুগান্তর

তারিখ 14 JAN 2009
পৃষ্ঠা ... কলাম ...

বরিশাল ভেটেরিনারি কলেজ

# পবিপ্রবিতে অন্তর্ভুক্তিতে জটিলতা

দুমকি প্রতিনিধি

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনের দেড় বছর পরও বরিশাল ভেটেরিনারি কলেজকে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অনুষদীয় মর্যাদায় অন্তর্ভুক্তিকরণের বিষয়টি চূড়ান্তভাবে সমাধা হয়নি। ফলে প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৬০০ শিক্ষার্থীসহ কর্মরত সব শিক্ষক-কর্মকর্তা এবং কর্মচারীর ভবিষ্যৎ নিয়ে একরকম অনিশ্চয়তা দেখা দিয়েছে। বন্ধ হয়ে গেছে প্রতিষ্ঠানের ২২ জন শিক্ষকসহ ৬৮ কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতা। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গত বছরের মাঝামাঝি সময়ে আন্তঃমন্ত্রণালয়ের এক বৈঠকে দিনাজপুর ভেটেরিনারি কলেজ এবং বরিশাল ভেটেরিনারি কলেজকে যথাক্রমে দিনাজপুর হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করার ব্যাপারে সুপারিশ গৃহীত হয়। সে আলোকে দিনাজপুর ভেটেরিনারি কলেজ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অনুষদ হিসেবে যথাযথ প্রক্রিয়ায় অন্তর্ভুক্তিকরণ করা হয়। কিন্তু বরিশাল ভেটেরিনারিকে পটুয়াখালী বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্তিকরণ বিষয়ে বারবার ইউজিসি ও বিশ্ববিদ্যালয়ের মধ্যে চিঠি চালাচালি হলেও বিষয়টি অদ্যাবধি সুরাহা হয়নি। তবে এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় প্রশাসনের নেতিবাচক মনোভাবকেই দায়ী করছে। কলেজের একাধিক শিক্ষকের সঙ্গে কথা বলে জানা গেছে, এক সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আগ্রহের কারণেই অন্তর্ভুক্তিকরণ প্রক্রিয়া শুরু হলেও বর্তমানে সে আগ্রহ এখন আর নেই। তারা অভিযোগ করেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একই সঙ্গে একাডেমিক ও প্রশাসনিক বিভাগ আত্তীকরণের পাশাপাশি কলেজের স্থাবর-অস্থাবর সম্পত্তি অধিগ্রহণের বিষয়টি প্রস্তাব করায় প্রক্রিয়াটি বিলম্বিত হচ্ছে। কলেজে অধ্যয়নরত ৫ম সেমিস্টারের ছাত্র মোঃ শরিফুল ইসলাম জানান, কলেজে বিভাগভিত্তিক পর্যাপ্ত শিক্ষক না থাকায় সময়মতো ক্লাস-পরীক্ষা হচ্ছে না, তিনটি ব্যাচের ফাইনাল পরীক্ষা অনির্ধারিত কালের জন্য স্থগিত রাখা হয়েছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম মোবাইল ফোনে জানান, বিষয়টি আরও আগেই সমাধান হতে পারত। তারপরও মঞ্জুরি কমিশন থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ত্বরিতভাবে অন্তর্ভুক্তিকরণ প্রক্রিয়াটি সম্পন্নের জন্য বলা হয়েছে। তাছাড়া কলেজের স্থাবর-অস্থাবর সম্পত্তি প্রক্রিয়ানুযায়ী এক পর্যায়ে বিশ্ববিদ্যালয়ের কাছে হস্তান্তরিত হবে। এদিকে অনতিবিলম্বে অন্তর্ভুক্তীকরণ প্রক্রিয়া সম্পন্ন করার দাবিতে গত ২১ নভেম্বর থেকে কলেজের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি পালন করছেন। একই দাবিতে তারা ২৪ নভেম্বর বরিশাল শহরে মানববন্ধন কর্মসূচি পালন করেন।

**বন্ধ হয়ে গেছে প্রতিষ্ঠানের ২২ জন শিক্ষকসহ ৬৮ কর্মকর্তা কর্মচারীর বেতন-ভাতা**